

“২-২-২ নীতিটি”-কি মহিলা শিক্ষিকাদের জন্য দরজা খুলে দেয়?

নিশ্চিতভাবে প্রশস্ত করে! তীমথিয়ের কাছে তার শেষ চিঠিতে, প্রচারক পৌল সুসমাচারের প্রসারের জন্য তার আসক্তি ও দ্রুততা প্রদর্শন করেছেন। তিনি তীমথিকে কীভাবে প্রসার ঘটানো উচিত ও কে তা করতে পারবে সে বিষয়ে পরিকার নির্দেশনা দিয়েছেন। কারণ নির্দেশনাটি ২ তীমথি ২:২ আয়ত থেকে আসে, আমরা এটাকে বলি... ২-২-২ নীতি:

মূল শব্দ

ἄνθρωπος

anthropos = (মানুষ)

“অনেক সাক্ষীর সামনে আমার মুখে যে সব শিক্ষার কথা তুমি শুনেছ সেই শিক্ষা ধরে রাখবার জন্য তুমি তা এমন সব বিশ্বাস ড় লোকদের দাও যাদের অন্যদের শিক্ষা দেবার যোগ্যতা আছে।”

কিতাবের অনেক অনুবাদে বলে, “নির্ভরযোগ্য লোকদের সাথে যুক্ত হও...”। যাহোক, পৌল একটি গ্রীক শব্দ ব্যবহার করেছেন যেখানে পুরুষ ও নারী উভয়েই অন্তর্ভুক্ত। এক পলকে দেখলে, এই আয়াতটি, পুরুষ ও নারী কাঁধে-কাঁধ মিলিয়ে কাজ করছে একথার সাথে সরাসরি সংযুক্ত নাও মনে হতে পারে। যাহোক, পৌল কি বলতে পারতেন তা বিবেচনা করা যাক। তিনি “পুরুষদেরকে”(এ্যানার) একমাত্র নির্ভরযোগ্য ও যোগ্যতাসম্পন্ন শিক্ষক হিসেবে নির্দিষ্ট করতে পারতেন। এ্যানার শব্দটি এভাবে ব্যবহৃত হতে পারতো যেখানে পৌলের উদ্দেশ্য হবে যেন শুধুমাত্র পুরুষরাই কিতাবের শিক্ষক হয়। পরিবর্তে, পৌল নিরপেক্ষ শব্দ এনথ্রোপস ব্যবহার করেছেন যার অর্থ “মানুষ” বা “জনতা”। যদি পৌল নারীদের জন্য দ্বার বন্ধ করতে চাইতেন, তাহলে এখানে তিনি একটা বড় সুযোগ হারিয়েছেন! নির্ভরযোগ্য ও যোগ্যতাসম্পন্ন এনথ্রোপস দ্বারা... মূল পাঠকবৃন্দ পরিকারভাবে বুঝতে পারবে যে ভালো শিক্ষা অন্যদের কাছে স্থানান্তরিত করতে পারে - পুরুষ এবং নারী উভয়েই - যারা এটাকে বিশ্বাসে স্থানান্তর করতে পারবে। এই পদটি আল্লাহ্‌ওহী শিক্ষিকাদের জন্য দ্বার খুলে দেয়!* যদিও ইফিষে (পুরুষ ও নারী উভয়ের মধ্যে) ভ্রাতৃ শিক্ষকে ছেয়ে গেছে, পৌল চেয়েছেন যেন বিশ্বাসীগণ সুসমাচার প্রসার করে (একজন নারী কি আল্লাহ্‌ওহী ক্ষমতায় শিক্ষা দিতে পারেন? পৌল কতবার ভ্রাতৃ শিক্ষকদের সম্পর্কে তার প্রথম চিঠিতে তীমথিয়কে জানিয়েছেন সেটি বুঝতে ওয়ান-পেজার দেখুন।)

অতএব, এই উন্মুক্ত দরজা অনুসারে কে শিক্ষা দেওয়ার যোগ্য? আল্লাহ্‌ওহী পুরুষ ও নারী। পৌলের ২-২-২ নীতি আপনাকে অনুপ্রেরনা দিক!

এনথ্রোপোস দেখিয়েছে যে পৌল আরও সুসমাচার তবলিগকারী চেয়েছেন!

৪ প্রজন্ম দ্বিগুণ

তবে, কীভাবে এই আল্লাহ্‌ওহী এনথ্রোপোসদের সুসমাচার ব্যাপ্তি করা উচিত? যখন পৌল সকল আল্লাহ্‌ওহী শিক্ষকদের জন্য দ্বার উন্মুক্ত করেছেন, পুরুষ এবং নারী উভয়ের জন্য, তিনি বহু-প্রজন্মের পরিকল্পনাও ব্যাখ্যা করেছেন। ২-২-২ নীতিতে আমরা ৪ টি ভিন্ন প্রজন্মও দেখতে পাই।

- প্রথম প্রজন্ম - পৌল নিজে, তীমথিয়কে “ বিষয়গুলো” বলেছেন।
- দ্বিতীয় প্রজন্ম - তীমথিয়-ই হল সেই “তুমি” যে “আমাকে বলতে শুনেছ” “ওইসব বিষয়”।
- তৃতীয় প্রজন্ম - “নির্ভরযোগ্য মানুষ” (এনথ্রোপোস) যারা “শিক্ষা প্রদানে যোগ্যতাসম্পন্ন” তাদের “সংযুক্ত” হওয়া উচিত, যাতে...
- চতুর্থ প্রজন্ম - “অন্যেরা” সেইসব যোগ্যতাসম্পন্ন শিক্ষকের দ্বারা শিক্ষিত হয়।

বৃদ্ধিপ্রাপ্ত প্রজন্মগুলো স্থানান্তরযোগ্য ডিএনএ প্রদর্শন করে।

উপসংহার

২-২-২ নীতি সুসমাচার প্রসারে পৌলের অন্তরকে প্রদর্শন করে। ২য় তীমথিয় ২:২ আয়াতে, পৌল সমস্ত আল্লাহ্‌ওহী শিক্ষকদের কাছে কিতাব ভিত্তিক শিক্ষা উন্মুক্ত করেছেন, এবং তিনি সুসমাচার প্রসারের জন্য একটি পরিকল্পনা তুলে ধরেছেন। আপনি কি পৌলের মতই একজন নেতা যিনি সুসমাচার প্রসারের চেষ্টা করছেন, নাকি সুসমাচার বিষয়ে শিক্ষকদের বাধা দেবার জন্য আপনি পৌলকে ব্যবহার করছেন? চলুন পৌলের মত হই!

* এনথ্রোপোসের উপরে সংযোজিত টীকা

এনথ্রোপোস এর অর্থ “পুরুষ” হতে পারে, কিন্তু ওইসব ঘটনায় এটি নারীর সাথে যুক্ত রচনাংশে ব্যবহৃত হয়েছে (গুন) (মথি ১৯:৫, ১ম করিন্থীয় ৭:১, ইফিষীয় ৫:৩১ দেখুন)। যখন এনথ্রোপোস এককভাবে বসে, স্ত্রী বা নারী প্রসঙ্গের অন্তর্ভুক্ত নয়, তখন এটি নিরপেক্ষ অর্থ “মানুষ” বা “ব্যক্তি” বহন করে। গুনের ব্যাপারে ২য় তীমথিয় ২:২ আয়াত নয়। সুতরাং এখানে, এনথ্রোপোস নিরপেক্ষ এবং এর অর্থ “মানুষ”

৪ টি গুরুত্বপূর্ণ প্রশ্ন

- ১.এই পৃষ্ঠাটি আল্লাহ্ সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
- ২.জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
- ৩.আমি কোন আদেশটি পালন করবো
- ৪.আমি এটি কার কাছে বলতে পারি?